



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

চসিক আয়োজিত মহান বিজয় দিবস অনুষ্ঠানে

স্বাধীনতার স্বপ্ন বাস্তবায়নে

ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান মেয়রের

চট্টগ্রাম-১৬ ডিসেম্বর ২০১৮

মহান বিজয় দিবস উপলক্ষে আজ রবিবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নগরীর চসিক বাকলিয়া স্টেডিয়ামে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন কুচকাওয়াজের সালাম গ্রহণ করেন। এই উপলক্ষে আয়োজিত সমাবেশে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন মুক্তিযুদ্ধের বিজয় বাঙালি জাতির সর্বশ্রেষ্ঠ অর্জন। দীর্ঘ নয়মাস রক্তাক্ত যুদ্ধের মধ্য দিয়ে ১৬ ডিসেম্বর বাঙালি জাতির মহান মুক্তিযুদ্ধের বিজয় অর্জিত হয়। আজ মহান বিজয় দিবসে আমি সশ্রদ্ধ চিত্তে স্মরণ করছি এইসব শহীদ মুক্তিযোদ্ধাদের, যাদের রক্তের বিনিময়ে এবং যারা জীবন বাজী রেখে এই দেশকে স্বাধীন করেছিলেন। তিনি বলেন, যে আশা-আকাঙ্ক্ষা ও স্বপ্ন-সাধ নিয়ে ত্রিশ লক্ষ মানুষ ও দু'লক্ষ মা-বোনের ইজ্জতের বিনিময়ে মহান স্বাধীনতা অর্জিত হয়েছিল- সেই অভিশ্রুত লক্ষ্যে আমাদের পৌছাতেই হবে। এই লক্ষ্যে মেয়র দলমত নির্বিশেষে সকলকে দেশ গড়ার কাজে ঐক্যবদ্ধ হওয়ার জন্য উদাত্ত আহ্বান জানান। মেয়র কুচকাওয়াজ ও ডিসপ্লোতে অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চসিক শিক্ষা স্বাস্থ্য স্ট্যাডিং কমিটির চেয়ারম্যান ও কাউন্সিলর নাজমুল হক ডিউক। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সিটি কর্পোরেশনের কাউন্সিলর হাজী নুরুল হক, সলিম উল্লাহ বাচ্চু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর ফারজানা পারভীন ও চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া, প্রধান রাজস্ব কর্মকর্তা আবু সাহেদ চৌধুরী, নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আক্তার, সিটি মেয়রের একান্ত সচিব মুফিদুল আলমসহ বিভাগীয় শাখা প্রধানগণ উপস্থিত ছিলেন। এই অনুষ্ঠানে কর্পোরেশনের শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ৬ হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করে।

এর পূর্বে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন, প্যানেল মেয়র, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর এবং কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সূর্য উদয়ের সাথে সাথে কেন্দ্রীয় শহীদ মিনারে শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন। এর পর মেয়র নগর ভবনস্থ বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসানী, কাউন্সিলর শৈবাল দাশ সুমন, হাসান মুরাদ বিপ্লব, এইচ এম সোহেল, সাহেদ ইকবাল বাবু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ, প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেনসহ চসিক কর্মকর্তা-কর্মচারী গণ উপস্থিত ছিলেন।

ওই দিন বিকেল ৪ টায় চসিক আয়োজনে নগর ভবন পার্শ্বস্থ গাড়ী পার্কিং লটে রচনা লিখন, উপস্থিত বক্তৃতা, চিত্রাংকন, সাধারণ নৃত্য, লোকনৃত্য, আবৃত্তি, রবীন্দ্র ও নজরুল সংগীত, দেশের গান, লোক সংগীত চিত্রাংকন ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এই সময় চসিক শিক্ষা স্বাস্থ্য স্ট্যাডিং কমিটির চেয়ারম্যান ও কাউন্সিলর নাজমুল হক ডিউক, এইচ এম সোহেল, প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মো. আবুল হোসেন ও উপ সচিব আশেক রসুল টিপুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১৬ ডিসেম্বর ২০১৮

আগামীকাল ১৭ ডিসেম্বর সোমবার সকাল ১১ টায় নগরীর ইঞ্জিনিয়ার ইনস্টিটিউটে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা দেয়া হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার অনুরোধ করা যাচ্ছে।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন